

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
চরভদ্রাসন, ফরিদপুর।
www.dae.sadar.rajbari.gov.bd

০৬/০৭/২০২৩ খ্রি: তারিখে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, চরভদ্রাসন, ফরিদপুর এর জাতীয় শুদ্ধাচার ২০২২-২৩ অর্থবছরের
নৈতিকতা কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মুহাম্মদ তোফাজ্জল হোসেন
উপজেলা কৃষি অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর।
সভার স্থান : উপজেলা কৃষি অফিসারের অফিসকক্ষ।
সভার তাং : ০৬/০৭/২০২৩ খ্রি:।
সময় : ১১.০০ ঘটিকায়।

উপস্থিতির স্বাক্ষর: (পরশিষ্টি-ক)

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, চরভদ্রাসন, ফরিদপুর জাতীয় শুদ্ধাচার-২০২২-২৩ অর্থবছরের নৈতিকতা কমিটির
সভায় অংশগ্রহণকারী সকল উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভায় অংশগ্রহণকারী সকল সদস্যদের বিস্তারিত আলোচনা এবং আলোচনাক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রম নং | আলোচকবৃন্দ | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|------------|--|---|---|--|
| ০১ | উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, চরভদ্রাসন ফরিদপুর। | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, চরভদ্রাসন, ফরিদপুর উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, চরভদ্রাসন, ফরিদপুর জাতীয় শুদ্ধাচার- ২০২২-২৩ অর্থবছরের নৈতিকতা কমিটি কর্তৃক অর্থবছরের প্রতি ত্রৈমাসিক একটি করে বছরে মোট চারটি নৈতিকতা কমিটির সভা করার কথা রয়েছে। তার আলোকে অত্র সেন্টারে প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে। দপ্তরে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী গণকে শুদ্ধাচারের নীতিমালার আলোকে প্রতিটি কার্যক্রম সঠিকভাবে পালন করতে হবে। এছাড়াও অত্র দপ্তরে পত্রজারির মাধ্যমে শুদ্ধাচার বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়ে থাকে। নির্দেশনা বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ করেন। বক্তব্যের পাশাপাশি কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি যথাযথ পালনসহ বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্যও নির্দেশনা প্রদান করেন এবং তা বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। | * নৈতিকতা কমিটির সভা আয়োজন করে তা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। * সভার কার্যবিবরণী উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর প্রেরণ নিশ্চিত করত: তা ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, অত্র দপ্তর। |
| ০২ | মুহাম্মদ তোফাজ্জল হোসেন, উপজেলা কৃষি অফিসার, অত্র দপ্তর। | মুহাম্মদ তোফাজ্জল হোসেন, উপজেলা কৃষি অফিসার, অত্র দপ্তর সভায় উপস্থিত সকলকে শুদ্ধাচার সম্বন্ধে বিস্তারিত ধারণা দিয়ে বক্তব্য শুরু করেন। তিনি বলেন, শুদ্ধাচার হলো মানুষের নৈতিকতা ও সততা ধারা প্রভাবিত আচরণগত | * অত্র দপ্তরে সিটিজেন চার্টার, অভিযোগ বাক্স, সেবা প্রদান রেজিস্টারের | উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, অত্র দপ্তর। |

| | | | | |
|----|--|--|--|--|
| | | উৎকর্ষ এবং এর দ্বারা একটি কার্যালয়ের চলমান নীতি ও প্রথার প্রতি আনুগত্য প্রকাশ পায়। শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন হলে কার্যালয়ের কর্মচারী ও কর্মকর্তাদের মাঝে আন্তরিকতা বৃদ্ধি পায়। এছাড়া অত্র কার্যালয়ের একটি অভিযোগ বাস্তব স্থাপন, সেবা প্রদান রেজিস্টার,সিটিজেন চার্টারের ব্যবহার নিশ্চিত করতে হবে। | ব্যবহার নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৩ | মামুন-অর-রশিদ উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা, অত্র দপ্তর। | উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে, অত্র দপ্তরের ওয়াশরুম গুরুত্বসহকারে পরিষ্কার করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। | সময়ে সময়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে সমস্যা সমাধান করা হবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, অত্র দপ্তর |
| ০৪ | মোঃ রাসেল আহমেদ, অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক, অত্র দপ্তর। | অত্র দপ্তরের শুদ্ধাচার চর্চা নিশ্চিত করতে দপ্তরের গোপনীয়তা রক্ষা বিষয়ে সকলকে সতর্ক করেন এবং শুদ্ধাচারের বিভিন্ন বিষয় তুলে ধরে শুদ্ধাচারে পুরস্কার অর্জন কৌশল সমন্ধে আলোচনা করেন। | দপ্তরের সকলকে শুদ্ধাচার চর্চা যথাযথ করা এবং ২০২২-২৩ এর প্রথম ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা বাস্তবায়নের প্রমানক সংরক্ষিত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, অত্র দপ্তর। |

অতপর আর কোন আলোচনা না থাকায় সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(মুহাম্মদ তোফাজ্জল হোসেন)
উপজেলা কৃষি অফিসার
চরভদ্রাসন, ফরিদপুর
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
চরভদ্রাসন, ফরিদপুর।